



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/4/2025

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর ক্যাথি হোকল এর বিবৃতি

"আজকে সকালে ক্যাটো (Cato) এবং ফুল্টনে (Fulton) ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (Immigration and Customs Enforcement, ICE) যে রেইড করেছে সে ব্যাপারে আমি অত্যন্ত ক্ষুব্ধ, রেইডে 40 জনের বেশি প্রাপ্তবয়স্ককে ধরা হয়েছে, যার মধ্যে স্কুল থেকে খালি বাড়িতে ফেরার ঝুঁকি রয়েছে এমন কমপক্ষে এক ডজন শিশুর বাবা-মা আছেন।

আমি এটি স্পষ্ট করেছি: আমাদের সীমানা সুরক্ষিত রাখতে এবং হিংস্র অপরাধীদের ডিপোর্ট করতে নিউ ইয়র্ক (New York) ফেডারেল সরকারের সাথে কাজ করবে, কিন্তু মুখোশধারী ICE এজেন্ট এসে পরিবারকে আলাদা করে দিবে এবং শিশুদের একা করে দিবে তা আমরা কখনোই সহ্য করবো না।

আজকের রেইডগুলো নিউ ইয়র্ককে আরো নিরাপদ করবে না। তারা যা করেছে তা হলো পরিশ্রমী পরিবারকে ভেঙ্গে দেওয়া, যারা শুধুই এখানে একটি জীবন গড়ার জন্য চেষ্টা করছে, যেমনটি তাদের আগে বহু মিলিয়ন ইমিগ্রেন্ট করেছে।

এই পদক্ষেপগুলি নিউ ইয়র্কের মূল্যবোধের বিরোধী। গভর্নর হিসেবে, আমি সবসময় এই নিষ্ঠুরতার বিরোধিতা করবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)